

কলেজ ছাত্র সংসদ নির্বাচন সম্পন্ন

বান্দরবন থেকে নিজস্ব সংবাদ-দাতা জানান, সম্প্রতি বান্দরবন সরকারী কলেজে ছাত্র সংসদ নির্বাচনে স্বত্ত্ব প্যানেল (নিঃ) ভিপি-জিএসসহ ১২টি পদ লাভ করে।

একই দিনে চকোরিয়া ডিগ্রী কলেজেও ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়।

নির্বাচনে জাতীয় ছাত্রলীগের রুস্তম শাহরিয়ার সহ-সভাপতি পদে, ইসলামী ছাত্র শিবিরের রিয়াজ মোঃ রফিক ছিদ্দিকী সাধারণ সম্পাদক পদে জয়ী হয়েছেন।

মোট ১৫টি পদের মধ্যে ১৩টি পদেই শিবির জয়ী হয়।

টাঙ্গাইল

টাঙ্গাইল থেকে নিজস্ব সংবাদদাতা জানান, সম্প্রতি ভূয়ানুর ইব্রাহিম স্ব। মহাবিদ্যালয় ছাত্র সংসদের নির্বাচনে বাংলাদেশ ছাত্রলীগ (সু-র) প্রার্থীরা সব কয়টি আসনে নির্বাচিত হয়েছেন।

সহ-সভাপতি পদে আমিরুল ইসলাম বিদ্যুৎ, সাধারণ সম্পাদক পদে মোস্তাক আলী, সহকারী সাধারণ সম্পাদক শানমুল আলম, সাধারণ কক্ষ সম্পাদক গিরাজুল ইসলাম বাছেত, মহিলা সাধারণ কক্ষ সম্পাদিকা নাজমুন নাহার খুমা, ক্রীড়া সম্পাদক গোলাম মোস্তফা, সহ-ক্রীড়া সম্পাদক শহীদ সরোয়ার, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক ইদরিস হোসেন, আনন্দ মজলিশ সম্পাদক আবদুল জলীল, সহ আনন্দ মজলিশ সম্পাদক আবদুল মান্নান, কলেজ বাষিকী সম্পাদক-সুক-জ্জামান এবং সমাজ কল্যাণ সম্পাদক পদে শফিকুল ইসলাম স্বপন নির্বাচিত হয়েছেন।

মির্জাপুর

সম্প্রতি মির্জাপুর কলেজ ছাত্র সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল প্রার্থীরা সহ-সভাপতি এবং সাধারণ সম্পাদক পদসহ

সংখ্যাগরিষ্ঠ আসনে বিজয়ী হয়। ছাত্রলীগ (সু-র) প্রার্থীরা ২টি আসনে জয়লাভ করে। একই দিন অনুষ্ঠিত নাগরপুর সরকারী কলেজ ছাত্র সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল প্রার্থীরা সহ-সভাপতি পদসহ অধিকাংশ আসনে জয়লাভ করে। সাধারণ সম্পাদক এবং মহিলা সম্পাদিকা পদে বাংলাদেশ ছাত্র ইউনিয়নের প্রার্থীরা বিজয়ী হয়।

সুনামগঞ্জ

সুনামগঞ্জ থেকে নিজস্ব সংবাদ-দাতা জানান, সম্প্রতি ছাতক মহাবিদ্যালয় ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে সহ-সভাপতি (ভি, পি) পদসহ ১১টি আসনে ছাত্র সংগ্রাম পরিষদ এবং সাধারণ সম্পাদক (জি, এস)সহ ৬টি আসনে জাতীয় ছাত্রলীগ জয়লাভ করে।

সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক হচ্ছেন যথাক্রমে শফিকুল ইসলাম বাবুল ও বিকাশ সাহা।